গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
চিকিৎসা শিক্ষা অধিশাখা
www.mefwd.gov.bd

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সমন্বয়ে ১১/০৬/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মল্লিকা খাতুন যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা) ও আহ্বায়ক সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি
সভার তারিখ	:	১১.০৬.২০২৪
সভার সময়	:	বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান	:	মিনি কনফারেন্স রুম, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-'ক'

সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব উপসচিব (চিকিৎসা শিক্ষা-১) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের 'সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪" এর বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। বিভাগের আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টগণ স্ব স্ব প্রতিষ্ঠানের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করে প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে বলে জানান। অত:পর সভাপতির অনুমতিক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য-সচিব আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

০২। 'সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪' অনুযায়ী সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণ করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের 'সেবা প্রদান প্রতিশ্রুতি' হালনাগাদ করা হয়। উক্ত হালনাগাদকৃত 'সেবা প্রদান প্রতিশ্রুতি' যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয়। একইভাবে বিভাগের আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করায় সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টগণকে ধন্যবাদ জানানো হয়।

০৩। সভায় স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি-এর উপর বিস্তারিত আলোচনা করা হয়। 'নাগরিক সেবা' শ্রেণির আওতায় সেবা বৃদ্ধি করা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের গাইডলাইন অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি সমৃদ্ধ করার জন্য বিভিন্ন আবেদনপত্রের নমুনা ফরম সংযোজন করা প্রয়োজন মর্মে পরামর্শ প্রদান করা হয়।

০৪। জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি-এর উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রণয়নকৃত সেবা প্রদান প্রতিশ্রুতির বিভিন্ন বিষয়াদি পর্যালোচনাপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় সকল ফরম এর নমুনা এবং লিংকসমূহ সংযুক্ত করা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

০৫। সভায় পরিবার পরিকল্পনা অধিদপ্তর-এর সেবা প্রদান প্রতিশ্রুতি-এর উপর বিস্তারিত আলোচনা করা হয়। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনায় দেখা যায় যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী উহা প্রণয়ন করা হয়েছে। তবে সেবা প্রদান প্রতিশ্রুতি ডকুমেন্টটি আরো সমৃদ্ধ করার জন্য 'প্রাতিষ্ঠানিক সেবা'- শ্রেণির আওতায় ২, ৩, ও ৪ নং ক্রমিকে যথাক্রমে 'জন্মনিয়ন্ত্রণ ও ঔষধ সামগ্রী ক্রং/সংগ্রহ, 'অডিট আপত্তির ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ' এবং 'পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানকারী এনজিওসমূহের অধিভুক্তিকরণ' সেবা প্রাপ্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র কলামে কি কি কাগজপত্র প্রয়োজন তা বিস্তারিতভাবে উল্লেখ করা দরকার মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

০৬। এ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের প্রতিটি সেবা প্রদান প্রতিশ্রুতিতে বর্ণিত সেবাসমূহ প্রতিশ্রুতি মোতাবেক প্রদান নিশ্চিতের ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। কমিটির সদস্য সচিব উপসচিব (চিকিৎসা শিক্ষা-১) বলেন যে, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতির আ্ওতাভুক্ত 'স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের প্রথম (১ম) শ্রেণীর কর্মকর্তাদের পেনশন সংক্রান্ত অডিট ছাড়পত্র প্রদান' সেবাটি যথাযথভাবে প্রদান করা হচ্ছে কিনা তা মনিটর করার জন্য বর্ণিত সেবা সংশ্লিষ্ট অডিট শাখা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বর্ণিত সেবা সংশ্লিষ্ট শাখা কর্মকর্তার সাথে আলোচনা এবং নথিপত্র পর্যালোচনায় প্রতিশ্রুতি অনুযায়ী সেবাটি প্রদান করা হচ্ছে বলে জানান। সেবা প্রদান প্রতিশ্রুতিতে বর্ণিত সেবাসমূহ প্রতিশ্রুতি মোতাবেক যথাযথভাবে প্রদান করা হচ্ছে কীনা, তা নিশ্চিতের লক্ষ্যে সেবা প্রদান কার্যক্রম নিয়মিতভাবে পরিবীক্ষণ করার জন্য সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টগণকে অনুরোধ জানানো হয়।

০৭। অত:পর বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি-এর আওতায় নির্ধারিত সেবাসমূহ প্রতিশ্রুতি মোতাবেক নির্ধারিত পদ্ধতি ও সময়সীমা অনুযায়ী প্রদান নিশ্চিত করতে হবে	সংশ্লিষ্ট সকল
০২	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন অধিদপ্তর ও সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে	উপসচিব (চিকিৎসা শিক্ষা-১) ও সদস্য সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি
০৩	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আলোকে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ কার্যক্রম আগামী ৩০/০৬/২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করে স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের (মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগে এবং অধিদপ্তর কর্তৃক স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ	সংশ্লিষ্ট সকল

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন
	বিভাগে) নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে	
০৪	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং আত্ততাধীন অধিদপ্তরসমূহের স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকৃত সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রয়োজনীয় সকল ফরম এর নমুনা এবং লিংকসমূহ সংযুক্ত করতে হবে	সংশ্লিষ্ট সকল
০৫	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং আত্ততাধীন অধিদপ্তর-এর সেবা প্রদান প্রতিশ্রুতি-এর অন্তর্গত সেবাসমূহ প্রতিশ্রুতি মোতাবেক প্রদান করা হচ্ছে কীনা, তা নিশ্চিতের লক্ষ্যে সেবা প্রদান কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ করতে হবে	সংশ্লিষ্ট সকল

০৮। সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/০৬/২৪

(মল্লিকা খাতুন)
যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা)
ও আহ্বায়ক
সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১৩৮.৯৯.০০১.২২.১০৬

তারিখ: ১০ আষাঢ় ১৪৩১
২৪ জুন ২০২৪

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/ জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)/ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

২। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩। যুগ্ম সচিব, প্রশাসন অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৪। যুগ্মসচিব, নার্সিং শিক্ষা অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৫। যুগ্মসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা

৬। যুগ্মসচিব, জনসংখ্যা অধিশাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৭। উপসচিব (চিকিৎসা শিক্ষা-১) ও সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি

৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৯। প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (কার্যবিবরণীটি এ বিভাগের ওয়েবসাইটের সেবা প্রতিশ্রুতি বক্সে আপলোডের অনুরোধসহ)

২৪/০৬/২০২৪

(মোহাম্মদ কামাল হোসেন)
উপসচিব

পরিশিষ্ট-ক

২১৭

হাজিরা সিট

স্বাস্থ্য শিক্ষা ও পরিবর কল্যাণ বিভাগের 'সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪' এর আওতায় এ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর ও সংস্থার প্রতিনিধির সমন্বয়ে সভা

সভার তারিখ ও সময়: ১১/০৬/২০২৪ খ্রি., বিকাল ৩.০০ টা

ক্রঃ নং	কর্মকর্তা/প্রতিনিধির নাম, পদবি ও প্রতিষ্ঠান	ফোন/মোবাইল নম্বর	ই-মেইল ঠিকানা (আবশ্যিক)	স্বাক্ষর ও তারিখ
১	নামঃ বিপর্যিৎ বৈশ্য পদবিঃ উর্বতন প্রশিক্ষক প্রতিষ্ঠানঃ নিপোর্ট	01718416838	bb.nipon77@gmail.com	বিপর্যিৎ বৈশ্য ১১/৬/২৪
২	নামঃ ডাঃ মোহাম্মদ শরীফ হাসান চৌধুরী পদবিঃ উপপরিচালক (ডেন্টাল শিক্ষা) ও কোয়ালিটি পয়েন্ট, সিটিজেন চার্টার প্রতিষ্ঠানঃ DGME	01711-427087	drsharif1440@gmail.com	[signature] 11/06/2024
৩	নামঃ অলোক দাস পদবিঃ নার্সিং অফিসার প্রতিষ্ঠানঃ DGNM	01782067976	alokdas843@gmail.com	[signature] ১১/০৬/২৪
৪	নামঃ [illegible] পদবিঃ সহকারী পরিচালক (ডাক্তার [illegible]) প্রতিষ্ঠানঃ HED. HQ	01915600896	hsthrcd1@gmail.com	[signature] ১১/৬/২৪
৫	নামঃ মোঃ জয়নুল আবেদীন নিষাদ পদবিঃ AD & DAM প্রতিষ্ঠানঃ FP-FSD (DGFP)	01721-727508	mz.abedinnishad@gmail.com	[signature] ১১/০৬/২০২৪
৬	নামঃ পদবিঃ প্রতিষ্ঠানঃ			
৭	নামঃ পদবিঃ প্রতিষ্ঠানঃ			
৮	নামঃ পদবিঃ প্রতিষ্ঠানঃ			
৯	নামঃ পদবিঃ প্রতিষ্ঠানঃ			